দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃঃ ৩ কলাম ৬

NOV. 01 2002

নগরীতে ৮ জালিয়াত গ্রেফতার ॥ জাল সার্টিফিকেট ও নোট উদ্ধার

ইত্তেফাক রিপোর্ট ॥ বুধবার রাজধানীর ঝিগাতলা থেকে শিক্ষা বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের জাল সার্টিফিকেট তৈরীর সাথে জড়িত একটি জালিয়াত চক্রের চারজনকে গ্রেফতার করা হয়েছে। হাজারীবাগ থানা পুলিশ বুধবার দুপুরে ১০০/১, ঝিগাতলা ট্যানারী মোড়স্থ ভবনের চারতলার বামদিকের ফ্লাটে অভিযান চালায়। ঐ বাসা থেকে হাবিবুর রহমান, আসলাম খান, মহসিন ও দেলোয়ার হোসেন ওরফে ইসমাইল নামে চারজনকে গ্রেফতার করা হয়। তাদের কাছ থেকে দেশের সবক'টি শিক্ষা বোর্ড, বিভি... (৩য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

নগরীতে ৮ জালিয়াত

(৩য় পৃঃ পর)

মাদ্রাসা বোর্ডের জাল আট বাণ্ডিল সার্টিফিকেট উদ্ধার করা হয়। এই ব্যাপারে হাজারীবাগ থানায় মামলা দায়ের করা হয়েছে।

জাল টাকাসহ গ্রেফতার

গত মঙ্গলবার সিআইডি'র একটি বিশেষ স্কোয়াড তেজগাঁও থানা এলাকায় ঝটিকা অভিযান চালিয়ে জাল টাকাসহ দু'জনকে গ্রেফতার করে। এরা হলোঃ মশিউর রাকিব ওরফে মশিউর ও সাইফুল ইসলাম। তাদের কাছ থেকে ১০০ টাকা মূল্যমানের ২২টি জাল নোট উদ্ধার করা হয়। সিআইডি সবুজবাগে অপর এক অভিযানে গোলাম মোস্তফা ও চান সিকদার কামালকে গ্রেফতার করে। তাদের নিকট থেকে ৫০০ টাকা মূল্যমানের ৭৮টি এবং ১০০ টাকা মূল্যমানের ৪৫টি জাল নোট উদ্ধার করা হয়।